132

দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR-9 .. 1999
পৃঃ ৪২ কলাম ৩

## বিএম কলেজের ঘটনার তদন্ত রিপোর্ট পেশ

বরিশাল অফিস ॥ সরকারী বি, এম, কলেজে ২৬শে মার্চের অনুষ্ঠানে স্বাধীনতা আন্দোলনের বিকৃত ইতিহাস উপস্থাপনের অভিযোগে গঠিত তদন্ত কমিটি গত বুধবার ভারপ্রাপ্ত অধ্যক্ষ শচীন মজুমদারের নিকট পেশ করিয়াছে। কমিটির চেয়ারম্যান ও ইসলামের ইতিহাস বিভাগের প্রধান আবদুল গফফার সীলগালা এই রিপোর্ট জমা দিয়াছেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ ঐ রিপোর্ট মহাপরিচালকের নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দিয়াছেন। কমিটি বেশ কয়েকজন শিক্ষককে এই ব্যাপারে জিজ্ঞাসাবাদ করেন। মূলতঃ ঘটনাটি শিক্ষকদের মাধ্যমে বাহিরে জানাজানি হয়। নির্ভরযোগ্য সূত্রে জানা গিয়াছে, রিপোর্টে ইতিহাস বিকৃতির প্রমাণ পাওয়ার কথা উল্লেখ রহিয়াছে।